দৈনিক খবর

তারিখ ... 13 JUL 1993 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৩ ...

13

# শিক্ষা প্রতিষ্ঠানে দুর্নীতির তদন্ত শুরু

উলিপুর (কুড়িগ্রাম), ১২ই জুলাই (সংবাদদাতা)।– শিক্ষা প্রতিষ্ঠান জরিপে দুর্নীতি শীর্ষক খবর প্রকাশিত হওয়ার পর শিক্ষা সচিব ও ব্যান্ড বেইজ কর্তৃক পৃথক পৃথক দু'টি তদন্ত অনুষ্ঠিত হয়। ব্যান্ড বেইজ কর্তৃক ১ সদস্য ভিত্তিক তদন্ত গত ১০ দিনে শেষ হয়েছে এবং শিক্ষা সচিব–এর তদন্ত থানা নির্বাহী কর্মকর্তা উলিপুরকে নির্দেশ দিলে তিনি গত ২২ ও ২৬শে জুন সমস্ত মাদ্রাসা সুপারদের তার অফিস কক্ষে ডেকে 'দায় সাড়া তদন্ত করেন। যা সচেতন মহলে হাস্যরসের সৃষ্টি করেছে মাত্র।

এদিকে স্থানীয় সাঃ সম্পাদক জুলফিকার এ সংক্রান্ত সাক্ষ্য প্রমাণের জন্য, থানা নির্বাহী কর্মকর্তা কর্তৃক এক পত্র দেয়া হয়। যার স্মারক নং জেলা প্রশাসক/২৮৩/সি,দ,তাং ১১-৬-৯৩ইং এবং থানা নির্বাহী কর্মকর্তার স্মারক নং ৩৪৮ তাং ১২-৬-৯৩ইং। উক্ত পত্র প্রদানে স্থানীয় সাংবাদিক মহলে ক্ষোভের সৃষ্টিকরেছে।